গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর,বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
মৎস্য ভবন, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১২০.০৪.০০১.০৯- ১৫(৬)

তারিখ: ২৫/০১/২০১৭খ্রি:

বিষয়: বাগদা চিংড়ি হ্যাচারিতে উৎপাদিত পি.এল (পোস্ট লার্ভি) বিপণনে ভাইরাসমুক্ত প্রত্যয়ন ব্যবহার প্রসংগে।

সূত্র: মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা এর ১৬/০১/২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা'য় গৃহীত সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ এর বিধি ৯ (৪) মোতাবেক "হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী পিএল (বাগদা) বিক্রির ক্ষেত্রে ভাইরাসমুক্ত সার্টিফিকেট প্রদান করিবেন" এবং তফশিল ২ এর ১২ (ঘ) মোতাবেক ব্যাগের গায়ে "পি.এল. WSSV থেকে মুক্ত থাকার নিশ্চয়তা সম্পর্কিত তথ্য" প্রদান করার বিধান রয়েছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই উক্ত বিধান যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না। এমতাবস্থায়, আপনার অধিক্ষেত্রাধীন বাগদা চিংড়ি হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী ও সংশ্লিষ্ট সকলের মাঝে উপরোল্লিখিত বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টির পাশাপাশি তা যথাযথভাবে প্রতিপালন নিশ্চিতকরণে মৎস্য হ্যাচারি আইন, ২০১০ এবং মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ অনুসারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

অতএব, তাঁর অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত বাগদা চিংড়ি হ্যাচারিতে উৎপাদিত পি.এল পিসিআর পরীক্ষার মাধ্যমে ভাইরাসমুক্ত প্রত্যয়ন প্রদান পূর্বক বাজারজাত নিশ্চিত করার লক্ষ্যে হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী ও সংশ্লিষ্ট সকলের মাঝে ব্যাপক সচেতনতা সৃষ্টিসহ মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক মৎস্য অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(মোঃ গোলজার হোসেন)
উপপরিচালক (মৎস্যচাষ)
টেলিফোন: ০২-৯৫৬১৫৯২
ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ খুলনা বিভাগ, খুলনা।
২। জেলা মৎস্য কর্মকর্তা, কক্সবাজার/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা।

পত্র নং-৩৩.০২.০০০০.১২০.০৪.০০১.০৯- ১৫/১(১২)

তারিখ: ২৫/০১/২০১৭খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
১। অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২। পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম/ পরিচালক (রিজার্ভ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পারিদর্শন ও মাননিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন/ অর্থ ও পরিকল্পনা/ফিল্ড সার্ভিস/চিংড়ি/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

(মোহাম্মদ কামরুজ্জামান হোসাইন)
প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
ফোন: ০২-৯৫৬৭২২০
ই-মেইল:kjewelufo1977@yahoo.com

৯। পোনা উৎপাদনের ক্ষেত্রে পদ্ধতি।—(১) আইনের ধারা ৯ অনুযায়ী হ্যাচারিতে তফসিল ৮ এ উল্লিখিত পোনা উৎপাদন করা যাইবে।

(২) পোনা উৎপাদনের ক্ষেত্রে তফসিল ১১ এ উল্লিখিত "মৎস্য হ্যাচারির বার্ষিক উৎপাদন পরিকল্পনা" নিবন্ধন গ্রহণকালেই নিবন্ধন কর্মকর্তা অনুমোদন করিবেন।

(৩) মৎস্য হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী বা মৎস্য রেণু বা পোনা বিক্রয়কারী প্রতিষ্ঠানের মালিক যে সকল নার্সারির বা ক্রেতাদের নিকট রেণু বা পোনা বিক্রয় করিবেন তাহাদের নাম ঠিকানা ও বিক্রয়ের পরিমাণসহ তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণ করিবেন।

(৪) হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী পিএল (বাগদা) বিক্রির ক্ষেত্রে "ভাইরাস মুক্ত" সার্টিফিকেট প্রদান করিবেন।

১০। নমুনা সংগ্রহ ও পরীক্ষা পদ্ধতি।—(১) আইনের ধারা ১২ অনুযায়ী মহাপরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নমুনা সংগ্রহের ক্ষেত্রে অন্যূন ৩টি নমুনা সংগ্রহ করিতে পারিবেন এবং উক্ত সংগৃহীত নমুনা তফসিল ৭ এ উল্লিখিত অনুমোদিত মাননিয়ন্ত্রণ পরীক্ষাগারে পরীক্ষা করাইতে পারিবেন।

(২) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সংগৃহীত নমুনা প্যাকেটবদ্ধ ও সিলগালা করিয়া প্যাকেটে স্বাক্ষর করিয়া অন্যূন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তফসিল ৭ এ উল্লিখিত মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষার জন্য প্রেরণ করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন নমুনা প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নমুনা গ্রহণকারী মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরি রেণু বা পিএল এবং উৎপাদন কাজে ব্যবহৃত উপকরণাদি ও রাসায়নিক দ্রব্যাদির পরীক্ষা সম্পন্ন করিয়া প্রতিবেদন প্রস্তুতকরতঃ উহা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

(৪) কোন হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী উপ-বিধি (৪) এর অধীন প্রাপ্ত প্রতিবেদন সম্পর্কে প্রশ্ন উত্থাপনপূর্বক সংগৃহীত নমুনা অন্য কোন অনুমোদিত মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষার জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিতভাবে আবেদন করিলে এবং ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত আবেদনে সন্তুষ্ট হইলে উক্ত পণ্যের একই সময়ে সংগৃহীত নমুনা অন্য একটি পরীক্ষাগারে পুনঃপরীক্ষার জন্য প্রেরণের আদেশ দিতে পারিবেন।

(৫) দুইটি মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষার পর ভিন্নরূপ প্রতিবেদন বা ফলাফল পাওয়া গেলে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উক্ত নমুনা তৃতীয় কোন অনুমোদিত মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরিতে পরীক্ষা করাইতে পারিবেন।

## তফসিল ২

[ বিধি ৪(২)(খ) দ্রষ্টব্য ]

১। **স্বাস্থ্য ব্যবস্থাপনা ও দূষণ নিয়ন্ত্রণ।**—মৎস্য, চিংড়ি, অন্যান্য জলজপ্রাণী হ্যাচারিতে উত্তম স্বাস্থ্য ব্যবস্থাপনা অনুশীলন ও সম্ভাব্য দূষণ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে নিম্নবর্ণিত ব্যবস্থাসমূহ গ্রহণ করিতে হইবে, যথা ঃ—

(ক) পরিশোধিত পানির ব্যবহার নিশ্চিত করতে হইবে;

(খ) অনুমোদিত ঔষধপত্র ব্যবহার করিতে হইবে এবং অননুমোদিত ঔষধ ব্যবহার হইতে বিরত থাকিতে হইবে;

(গ) হ্যাচারিতে ব্যবহৃত খাদ্য সামগ্রি প্রস্তুতকরণ, সংরক্ষণ, ব্যবহার ইত্যাদির উৎস শনাক্তকরণ (Traceability) করিতে হইবে;

(ঘ) হ্যাচারির কর্মচারি বা অন্য যে কোন ব্যক্তির মাধ্যমে পোনার রোগ-জীবাণুর সংক্রমণ প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(ঙ) পিএল উৎপাদন, হ্যান্ডলিং, সংরক্ষণ ও পরিবহন ব্যবস্থা স্বাস্থ্যসম্মত ছিল এ মর্মে নিশ্চয়তা বিধান করিতে হইবে;

(চ) হ্যাচারির পরিষ্কার-পরিচ্ছন্নতা ও পোকামাকড় নিয়ন্ত্রণ ব্যবস্থা স্বাস্থ্যসম্মত ছিল এ মর্মে নিশ্চয়তা বিধান করিতে হইবে;

(ছ) হ্যাচারিতে ব্যবহৃত সকল প্রকার উপাদানের উৎস শনাক্তকরণের নিশ্চয়তা বিধান করিতে হইবে;

(জ) সকল রেকর্ডপত্র সঠিকভাবে সংরক্ষণ করিতে হইবে।

২। **হাইজিন ব্যবস্থাপনা ও পরিষ্কার পরিচ্ছন্নতা।**—হ্যাচারির সার্বিক হাইজিন ব্যবস্থাপনা এবং পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার উদ্দেশ্যে নিম্নবর্ণিত ব্যবস্থাদি গ্রহণ করিতে হইবে, যথা ঃ—

(ক) উৎপাদন কাজ শুরু করার পূর্বেই প্রয়োজনীয় সংস্কার কাজ সম্পন্ন করিতে হইবে;

(খ) হ্যাচারিতে উৎপাদন কাজ শুরু করার পূর্বেই প্রয়োজনীয় পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং সার্বিক জীবাণুমুক্তকরণের কাজ (Total Disinfection) সম্পন্ন করিতে হইবে।

৯। **হ্যাচারির নিজস্ব কার্যক্রম পরিবীক্ষণ**।—পরিবীক্ষণ পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) অনুমোদিত এন্টিবায়োটিকসমূহ নির্ধারিত পদ্ধতিতে ব্যবহার করিতে হইবে এবং ব্যবহারের পূর্বে এর নিঃশেষিত হওয়ার সময়কালকে (Withdrawl Period) বিবেচনায় আনিতে হইবে;

(খ) চিংড়ি চাষিকে এ বিষয়ে নিশ্চয়তা প্রদান করিতে হইবে যে, উৎপাদিত চিংড়ি পি.এল. এ অনুমোদিত এন্টিবায়োটিক সামগ্রির অবশিষ্টাংশ নেই; যদি থেকেও থাকে তাহা তা অবশ্যই অনুমোদিত মাত্রার মধ্যেই রহিয়াছে। তাছাড়া উৎপাদিত পোনাতে অনুমোদিত এন্টিবায়োটিক সামগ্রির অবশিষ্টাংশ নাই।

১০। **পর্যবেক্ষণের উদ্দেশ্যে নমুনা সংগ্রহের পদ্ধতি**।—পর্যবেক্ষণের উদ্দেশ্যে নমুনা সংগ্রহের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) প্রতি ব্যাচের পি.এল. এর নমুনা পৃথকভাবে সংগ্রহ করিতে হইবে;

(খ) সংগৃহীত নমুনার মধ্যে এন্টিবায়োটিক ব্যবহৃত চিংড়ি পি.এল. এর অন্তর্ভুক্তি নিশ্চিত করিতে হইবে।

১১। **পি.এল. সম্পর্কে তথ্য**।—সরবরাহকৃত পি.এল সম্পর্কে নিম্নবর্ণিত তথ্যাদি চাষিকে অবহিত করিতে হইবে, যথা ঃ—

(ক) পি.এল. এর প্রজাতির স্থানীয়, বাণিজ্যিক ও বৈজ্ঞানিক নাম

(খ) পি.এল. উৎপাদনের পদ্ধতি

(গ) হ্যাচারির নাম ও ঠিকানা

(ঘ) হ্যাচারির নিবন্ধন নং

১২। **পিএল ব্যাগ**।—হ্যাচারি হইতে সরবরাহকৃত পি.এল এর ব্যাগে নিম্নবর্ণিত তথ্যাদির উল্লেখ নিশ্চিত করিতে হইবে, যথা ঃ—

(ক) পোনা উৎপাদনের কাজে যেসব উপাদান ব্যবহার করা হয়েছে, তার তালিকা;


(খ) ব্যাগে পি.এল. এর মোট পরিমাণ;

(গ) পি.এল. উৎপাদনের তারিখ ও পি.এল. এর আকার;

(ঘ) পি.এল. WSSV থেকে মুক্ত থাকার নিশ্চয়তা সম্পর্কিত তথ্য;

## তফসিল ৯
[বিধি ৪(২)(ক)]

### মৎস্যবীজ সংগ্রহ ও বিতরণ ছক (প্রস্তাবিত)




চিত্রঃ বাংলাদেশের মিঠাপানির মৎস্যবীজ উৎপাদন ও বিতরণ ছক (প্রস্তাবিত)